

২০২০

বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাস্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'যোগাযোগ' উপন্যাসে মোতির মা ভেবেছে "একরকমের জাতিভেদ আছে যা সমাজের নয়, যা রক্তের— সে জাত কিছুতে ভাঙা যায় না।" — এই ভাবনার আলোকে মধুসূদন-কুমুদিনীর দাম্পত্য সম্পর্কটি বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) 'তিনপুরুষ' নাম পরিবর্তন করে লেখক যখন 'যোগাযোগ' নামকরণ করলেন তখন বদলে গেল লেখকের মূল অভিপ্রায়। — নামকরণের এই পরিবর্তনের শিল্পতাৎপর্য ব্যাখ্যা করো। ১০

অথবা,

- (গ) 'দেনাপাওনা' উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনীর গুরুত্ব বিচার করো। ১০

অথবা,

- (ঘ) 'দেনাপাওনা' উপন্যাসে জীবানন্দ চরিত্রটি নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১০

- ২। (ক) 'নিষ্ক্রিয় আত্মসমর্পণের বিরুদ্ধতা হোসেন মিয়ার সমগ্র জীবনের সারার্থ।' — এই বক্তব্যের আলোয় হোসেন মিয়া ও ময়না দ্বীপের তাৎপর্য বিচার করো। ১০

অথবা,

- (খ) ধীবর পল্লির বাস্তব জীবনচিত্রের প্রতিফলন 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে যেভাবে ঘটেছে তার পরিচয় দাও। ১০

অথবা,

- (গ) 'অরণ্যের অধিকার' উপন্যাসটি প্রাস্তিক মানুষের জাগরণের আখ্যান হয়ে উঠেছে— মন্তব্যটির সমীচীনতা বিচার করো। ১০

অথবা,

- (ঘ) 'অরণ্যের অধিকার' উপন্যাসের ধানী মুন্ডা চরিত্রটির নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১০

Please Turn Over

- ৩। (ক) “রবীন্দ্রনাথের কল্পনায় এক ‘নিত্যকালের বালকবীর’ আছে যে চিরযাত্রিক, যে প্রকৃতির প্রাণসত্তার প্রতীক।” — এই বক্তব্যের আলোয় ‘অতিথি’ গল্পটি বিচার করো। ১০

অথবা,

- (খ) “অর্থলোলুপতার যূপকাঠে মানবতার বলি হয়ে যাবার গল্প পয়োমুখম।” — বক্তব্যটি বিশ্লেষণ করো। ১০
- ৪। (ক) “বনস্পতির নিজের পক্ষে প্রজাপতি যেমন বাহ্যিক, অথচ প্রজাপতির সংসর্গ তাকে মেনে নিতে হয়, ভাবী স্ত্রীকেও মধুসূদন তেমনি করেই ভেবেছিল।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (খ) “কুমু, মনের মধ্যে জোয়ার-ভাঁটা খেলে। কিছু ভয় করিস নে, রাত্তির মাঝে মাঝে আসে, দিন তা বলে তো মরে না।” — বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫
- (গ) “সে যন্ত্রচালিত পুতুলের মত নীরবে শান্তিকুঞ্জের গেটের মধ্যে প্রবেশ করিল, থামিবার, আপত্তি করিবার কোথাও এতটুকু চেষ্টা পর্যন্ত করিল না।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (ঘ) “নারীর একজাতীয় রূপ আছে যাহাকে যৌবনের অপর প্রান্তে না পৌঁছিয়া পুরুষ কোনদিন দেখিতে পায় না।” — বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) “ইহা মহত্ত্ব নয়, পরোপকার নয় — ইহা রীতি, অপরিহার্য নিয়ম। আশ্চর্য এই, এ নিয়ম পালন করিয়া ক্রুদ্ধ হইয়া উঠাও অনিয়ম নয়।” — প্রসঙ্গটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (খ) “নদীর তীরে, নদীর জলে এখন জীবনের সাড়া পড়িয়া গিয়াছে।” — ব্যাখ্যা করো। ৫
- (গ) “মুন্ডা শরীরের এক ফোঁটা রক্ত মানে সমগ্র কৃষ্ণভারত।” — তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (ঘ) “কিছুই ফুরোয় না পৃথিবীতে — মুন্ডারী দেশ-মাটি-পাথর-পাহাড়-বন-নদী-ঋতুর পর ঋতুর আগমন — সংগ্রামও ফুরোয় না, শেষ হতে পারে না।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫
- ৬। (ক) “তুমি আমাকে যাইতে দিয়ো না মা, আমার মতো দুটি বাছ বাড়াইয়া তুমিও আমাকে ধরিয়া রাখো।” — বক্তব্যের সূত্র ধরে বক্তার সঙ্গে প্রকৃতির সম্পর্কটি বুঝিয়ে দাও। ৫

অথবা,

- (খ) “বড় হয়ে আমি তোমায় নিয়ে যাব দিদি! কারুর কথা শুনব না!” — ‘মহানগর’ গল্প অবলম্বনে প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাসের শ্যামাসুন্দরী চরিত্রটির ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ‘দেনাপাওনা’ উপন্যাসের শিরোমণি চরিত্রটির প্রয়োগ তাৎপর্য বুঝিয়ে দাও।
- (গ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে পদ্মানদীর ভূমিকা সংক্ষেপে ব্যাখ্যা করো।
- (ঘ) “লড়াই যেথা, ও সেথা। ওর বয়স আটশো অষ্টাশি চাঁদ হল।” — উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের পরিচয় দাও।
- (ঙ) “প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।” — উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের আলোকে উক্তিটির তাৎপর্য লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাস কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

অথবা,

‘দেনাপাওনা’ উপন্যাসের নাট্যরূপটির নাম কী?

- (খ) “বিবাহ করতেও সময় নষ্ট, বিবাহ করেও তাই। আমার ফুরসত কোথায়?” — কার উক্তি?

অথবা,

ষোড়শী ভৈরবীর আগে যিনি ভৈরবী ছিলেন তাঁর নাম কী?

- (গ) মোতির মা-র আসল নাম কী?

অথবা,

জীবানন্দ-র সঙ্গে বিবাহের সময় ষোড়শীর বয়স কত ছিল?

- (ঘ) “সর্বনাশকে আমরা কোনোকালে ভয় করি নে, ভয় করি অসম্মানকে।” — কার উক্তি?

অথবা,

“এ সব চালাকি আমাদের কাছে খাটবে না বলে দিচ্ছি” — কোন চালাকির কথা এখানে বলা হয়েছে?

- (ঙ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

অথবা,

‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

- (চ) “বহুদূর নদীবক্ষ হইতে হাঁক আসিতেছিল।” — কার হাঁক আসছিল?

অথবা,

“কিন্তু বীরসার নামে ভয় পাচ্ছিল দিকুরা।” — ‘দিকু’ বলতে কী বোঝানো হয়েছে?

- (ছ) ‘ছেলেমেয়েগুলিকে ভালোবাসিবার মতো মনও তাহার আছে, সময়ও সে পায়।’ — কার কথা বলা হয়েছে?

অথবা,

বীরসা কবে মুক্তি পায়?

Please Turn Over

(জ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে কুবেরের নৌকোর সহকারীদের নাম লেখো।

অথবা,

‘অরণ্যের অধিকার’ উপন্যাসে বর্ণিত ‘টুইলা’ কী?

(ঝ) ‘একরাত্রি’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঞ) সোহিনীর আইমার কত টাকা দেনা ছিল?

(ট) “আহা দুটিতে বেশ মানায়” — কাদের কথা বলা হয়েছে?

(ঠ) “প্রিয়ার মতো যে নদী শুয়ে আছে মহানগরের কোলে।” — কোন নদীর কথা এখানে বলা হয়েছে?

(ড) “ভূতনাথ বই দু-খানকে চিনিত।” — বইদুটির নাম কী?

(ঢ) অঞ্জনগড়ের জমি কোন পাথরে গঠিত?

(ণ) “এ খবর তার জানা ছিল না।” — খবরটি কী?

---